গাঠনিক মূল্যায়ন ও নিরাময়মূলক কার্যক্রম সম্পর্কিত

শিক্ষক নির্দেশিকা

Teacher guidelines for formative assessments and remediation

বিষয়: গণিত

অষ্টম শ্রেণি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সহযোগিতায়: লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

সূচিপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
১. ভূমিকা	১
২. গাঠনিক মূল্যায়নের ধারণা	২
৩. গাঠনিক মূল্যায়ন প্রক্রিয়া	২
৩.১ কেন মূল্যায়ন করব?	২
৩.২ কখন মূল্যায়ন করব?	৩
৩.৩ কী মূল্যায়ন করব?	৩
৩.৪ কীভাবে মূল্যায়ন করব?	৩
৩.৪.১ টুলস নির্বাচনে বিবেচ্য বিষয়	৪
৩.৪.২ বিভিন্ন ধরনের পাঠ ও দক্ষতার প্রকারভেদ	৪
৩.৪.৩ বিভিন্ন ধরনের গাণিতিক দক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়	৫
৪. ফলাবর্তন (Feedback)	৭
৪.১ ফলাবর্তন	৭
৪.২ ফলাবর্তনের ধরন	৭
৪.৩ কার্যকর ফলাবর্তনের বৈশিষ্ট্য	৭
৪.৪ কার্যকর ফলাবর্তন কৌশল	৭
৪.৫ কার্যকরী ফলাবর্তনের বিবেচ্য বিষয়সমূহ	৮
৪.৬ কার্যকর ফলাবর্তনের উদাহরণ	৮
৫. নিরাময়মূলক সহায়তা	১০
৫.১ নিরাময়মূলক সহায়তা কৌশল	১০
৫.২ নিরাময়মূলক কৌশল ব্যবহারের সময় বিবেচ্য বিষয়	১১
৬. বিষয়বস্তু ও দক্ষতার ভিন্নতাভেদে মূল্যায়ন পদ্ধতি ও টুলস ব্যবহারের উদাহরণ	১৩
৬.১ সংখ্যা ও প্রক্রিয়া	১৩
৬.২ পরিমাপ	১৮
৬.৩ বীজগণিত	২৩
৬.৪ জ্যামিতি	২৮
৬.৫ তথ্য ও উপাত্ত	৩৩
৭. বাড়ির কাজের ক্ষেত্রে মূল্যায়ন পদ্ধতি ও টুলস	৩৮
পরিশিষ্ট-ক: প্রান্তিক শিখনফলের শ্রেণিভিত্তিক বিভাজন	৪১

১. ভূমিকা

মূল্যায়ন শব্দটির আভিধানিক অর্থ হলো— কোনো কিছুর ওপর মূল্য আরোপ করা। মনোবিজ্ঞানী গ্রোনল্যান্ড এবং লিন (Grondland & Linn) এর মতে "শিক্ষার্থীরা শিখন উদ্দেশ্য কতটুকু অর্জন করতে পেরেছে তা নির্ণয়ের জন্য তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যার সুসংবদ্ধ প্রক্রিয়াই হলো মূল্যায়ন।" সুশীল রায় এর মতে "শিক্ষার উদ্দেশ্যমুখী শিখন-শেখানো প্রচেষ্টার ফলশ্রুতির মান বিচার করার জন্য যে অবিচ্ছিন্ন প্রক্রিয়া তাই হচ্ছে মূল্যায়ন।" মূল্যায়নের প্রকৃত উদ্দেশ্য শুধু শিক্ষার্থীদের শিখন অভিজ্ঞতা বা জ্ঞান পরিধি ও গুণাগুণ বিচার করা নয় বরং জ্ঞান অর্জনে তাদেরকে উৎসাহিত করা।

শিক্ষা যেহেতু একটি গতিশীল প্রক্রিয়া তাই এর উদ্দেশ্য হল ব্যক্তির আচরণের সর্বাঙ্গীণ বিকাশ ও ইতিবাচক পরিবর্তন সাধন করা। ব্যক্তির এই পরিবর্তন ও বিকাশ কতটা কীভাবে সংগঠিত হয় তা জানার জন্য মূল্যায়ন প্রয়োজন । এর সাহায্যে শিক্ষার সামগ্রিক উদ্দেশ্য অর্জনে শিক্ষার্থী কতটুকু সফল হয়েছে তা নিরূপিত হয়। সকল বিষয়ের মূল্যায়ন একইভাবে করা হয় না। পাঠ্যবিষয়ের উদ্দেশ্য ও বিষয়বস্তুর ভিন্নতার কারণে শিখন শেখানো কার্যক্রমে পার্থক্য পরিলক্ষিত হয়। তেমনি মূল্যায়ন পদ্ধতিও হয় ভিন্নতর।

আমরা একটি শিক্ষাবর্ষের শিখন শেখানো কার্যক্রম পরিচালনার শুরু থেকে শেষ পর্যন্ত বিভিন্ন সময়ে বিভিন্ন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকি। এসকল ভিন্ন ভিন্ন মূল্যায়ন কার্যক্রমের উদ্দেশ্যও ভিন্ন হতে পারে। যেমন, আমরা শ্রেণিকক্ষে পাঠদানের সময় শিক্ষার্থীরা পাঠের বিষয় বুঝতে পারছে কিনা তা যাচাই করার জন্য অনেক সময় প্রশ্ন করি যা এক ধরনের মূল্যায়ন। আবার বার্ষিক পরীক্ষায় আমরা তাদেরকে লিখিত প্রশ্নের মাধ্যমে মূল্যায়ন করি। স্বভাবতই দু'টি মূল্যায়নের উদ্দেশ্য থাকে ভিন্ন। শিখন মূল্যায়নের সময় ও উদ্দেশ্যের ভিন্নতার উপর ভিত্তি করে মূল্যায়নকে তিন ভাগে ভাগ করা যায়।

- গাঠনিক মূল্যায়ন
- সামষ্টিক মূল্যায়ন
- ধারাবাহিক মূল্যায়ন

শিক্ষাবর্ষের কোনো একটি পর্যায়ের শিখন শেখানো কার্যক্রম সমাপ্ত হওয়ার পর (যেমন, ত্রৈমাসিক, ষান্মাষিক ইত্যাদি) বা শিক্ষাবর্ষের সকল শিখন শেখানো কার্যক্রম সমাপ্ত হওয়ার পর (যেমন বার্ষিক, এসএসসি পরীক্ষা) শিক্ষার্থী কী শিখল তা যাচাই করার জন্য যে মূল্যায়ন করা হয় তাই সামষ্টিক মূল্যায়ন। এটি সাধারণত আনুষ্ঠানিকভাবে সম্পাদন করা হয়। এরূপ মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীর শিখন অর্জনের স্বীকৃতি পদান করা। এরূপ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীকে তার কৃতিত্বের গ্রেড বা সার্টিফিকেট প্রদান করা হয়। এক্ষেত্রে দুর্বল শিক্ষার্থীকে ফিডব্যাক দেওয়া বা ভুলত্রুটি সংশোধন করার কোনো সুযোগ থাকে না। তাই সামষ্টিক মূল্যায়নকে সত্যিকার অর্থে শিখনের মূল্যায়ন বা Assessment of Learning বলা হয় ।

গাঠনিক মূল্যায়ন (Formative Assessment) হচ্ছে এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অগ্রগতি যাচাই করা হয়। শিক্ষক তাঁর নিয়মিত শ্রেণি কার্যক্রমের অংশ হিসেবে এরূপ মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকেন। এরুপ মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে শির্ক্ষার্থীর শিখনকে ত্বরান্বিত করা, গ্রেড বা সার্টিফিকেট প্রদান করা নয়। অর্থাৎ মূল্যায়নের সময় শিক্ষার্থীর দুর্বলতা বা ঘাটতি ধরা পড়লে সাথে সাথে শিক্ষক তার প্রতিকার করতে পারেন ফলে শিক্ষার্থীর শিখনের ঘাটতি পূরণ হয়, পরবর্তী পাঠের জন্য তার ভিত্তি মজবুত হয় এবং তার আত্মবিশ্বাস গড়ে উঠে।

ধারাবাহিক মূল্যায়ন হচ্ছে গাঠনিক ও সামষ্টিক মূল্যায়নের একটি সমন্বিত রূপ। শিখন শেখানো কার্যক্রম চলমান থাকা অবস্থায় পরিচালিত একটি গাঠনিক মূল্যায়নকে ধারাবাহিক মূল্যায়ন হিসাবে বিবেচনা করা যায় যদি ঐ মূল্যায়নের পর শিক্ষার্থীর সবলতা-দুর্বলতা চিহ্নিত করা ও ফলাবর্তনের পাশাপাশি মূল্যায়নের ফলাফলকে শিক্ষার্থীর চুড়ান্ত মূল্যায়নে অন্তর্ভুক্ত করা হয় বা ফলাফলকে শিক্ষার্থীর শিখন অর্জনের স্বীকৃতি প্রদানের জন্য ব্যবহার করা হয়।

২. গাঠনিক মূল্যায়নের ধারণা

আমরা ইতোমধ্যে জেনেছি যে শিখন-শেখানো কার্যক্রম বা শ্রেণি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোনোকিছু শেখানোর সময় শিক্ষার্থী সঠিকভাবে শিখছে কিনা তা যাচাই করার জন্য যে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হয় তাই গাঠনিক মূল্যায়ন। প্রতিদিন শ্রেণির কাজ চলাকালীন শ্রেণিশিক্ষক শিক্ষার্থীর এ মূল্যায়ন করে থাকেন। এরূপ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থী কতটুকু শিখেছে, তার কাছে প্রত্যাশা কী এবং তাকে আর কতদূর যেতে হবে ইত্যাদি বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই অবহিত হতে পারেন। এ ক্ষেত্রে পাঠদান ও মূল্যায়ন একই সাথে চলতে থাকে। গাঠনিক মূল্যায়নের (Formative Assessment) ক্ষেত্রে দুটি মূল্যায়ন দৃষ্টিভঙ্গির সংশ্লিষ্টতা সর্বজনবিদিত। এগুলো হচ্ছে- শিখনের জন্য মূল্যায়ন (*Assessment for Learning*) এবং শিখন হিসেবে মূল্যায়ন (*Assessment as Learning*) । প্রথম দৃষ্টিভঙ্গি অনুযায়ী মূল্যায়নকে শিক্ষক কর্তৃক শিখন সহায়তা প্রদানের একটি কার্যকর উপায় হিসেবে বিবেচনা করা হয়। এক্ষেত্রে শিক্ষক মানদণ্ডের ভিত্তিতে শিক্ষার্থীর সবলতা দুর্বলতা চিহ্নিত করেন, সফল হওয়ার জন্য বা সফলতা ধরে রাখার জন্য পরামর্শ প্রদান করেন। অর্থাৎ শিক্ষক একজন সক্রিয় গাইড হিসেবে কাজ করেন। দ্বিতীয় দৃষ্টিভঙ্গি অনুযায়ী মূল্যায়নকে আলাদা বিষয় হিসেবে না দেখে শিখনেরই একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করা হয়। এক্ষেত্রে শিক্ষার্থীরা নিজেদের শিখনের দায়িত্ব নিজেরাই গ্রহণ করে, নিজেদের লক্ষ্য বা অভিপ্রায় সাব্যস্ত করতে পারে। মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীরা বুঝতে পারে তারা ইতোমধ্যে কী কী শিখেছে; নির্ধারণ করতে পারে কী কী শিখতে পারেনি এবং সিদ্ধান্ত নিতে পারে নিজেদের অর্জনকে আরও উন্নত করতে তাদের আর কী শেখা প্রয়োজন। এই শিখন যাচাই কার্যক্রমে শিক্ষক শুধু একজন সহায়তাকারীর ভূমিকা পালন করেন। গাঠনিক মূল্যায়নে শিক্ষার্থীর শিখন অগ্রগতি যাচাই করে প্রয়োজনে ফলাবর্তন (Feedback) ও নিরাময়মূলক সহায়তা প্রদান করা হয়। শিক্ষক তার নিয়মিত শ্রেণি কার্যক্রমের অংশ হিসেবে এরূপ মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকেন।

ধরা যাক, গণিত বিষয়ের একজন শিক্ষক অষ্টম শ্রেণির প্যাটার্নের নির্দিষ্টতম সংখ্যা নির্ণয় প্রক্রিয়ার উপর ক্লাস নিচ্ছেন। তিনি শিখন অগ্রগতি জানার জন্য নিচের প্রশ্নটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের নিকট উত্তর জানতে চাইলেন।

যেমন- ৭, ১২, ১৭, ২২,....এই প্যাটার্নের পরবর্তী সংখ্যাটি কত?

শিক্ষার্থীদের উত্তর বিশ্লেষণ করে তিনি বুঝতে পারেন কতজন শিক্ষার্থীর প্যাটার্নের নির্দিষ্টতম সংখ্যা চিহ্নিতকরণে সমস্যা রয়েছে। তখন তিনি প্যাটার্নের নির্দিষ্টতম সংখ্যা চিহ্নিতকরণের প্রক্রিয়া ব্যাখ্যা করেন। এটি গাঠনিক মূল্যায়নের একটি উদাহরণ, যেখানে শিক্ষকের মূল উদ্দেশ্য শিক্ষার্থীদের শেখার ঘাটতি চিহ্নিত করে সহায়তা প্রদান করা।

৩. গাঠনিক মূল্যায়ন প্রক্রিয়া

কার্যকর গাঠনিক মূল্যায়নের জন্য শিক্ষক হিসেবে আমাদের একটি সুস্পষ্ট পরিকল্পনা থাকা উচিৎ। এজন্য কিছু বিষয় শুরুতেই ঠিক করে নিতে হবে। । যেমন:

- কেন মূল্যায়ন করব?
- কখন মূল্যায়ন করব?
- কী মূল্যায়ন করবে?
- কীভাবে মূল্যায়ন করবে? ইত্যাদি।

৩.১ কেন মূল্যায়ন করব?

আমাদের মনে রাখতে হবে যে, শিক্ষার্থীর গ্রেডিং (এ প্লাস, এ মাইনাস, উত্তীর্ণ, অনুত্তীর্ণ) বা প্রাপ্ত নম্বর জানার জন্য গাঠনিক মূল্যায়ন (Formative Assessment) নয়। এটি নিয়মিত শ্রেণি কার্যক্রমের অংশ। শিক্ষার্থীরা প্রত্যাশা অনুযায়ী শিখছে কিনা, বিচ্যুতি থাকলে তা কেন হচ্ছে, তাদের সক্ষমতার অভাবে নাকি শিখন শেখানো পদ্ধতি ও কৌশলের কারণে— এই বিষয়গুলো পর্যালোচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্যই গাঠনিক মূল্যায়ন। তাহলে আমরা বলতে পারি, গাঠনিক মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে-

- শিক্ষার্থীর শিখন অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে তাদের দুর্বলতা ও শিখন ঘাটতি চিহ্নিত করা

- চিহ্নিত শিখন ঘাটতি দূর করার জন্য কার্যকর ফলাবর্তন (Feedback) দেওয়া এবং প্রয়োজনে পুনঃমূল্যায়ন ও নিরাময়মূলক কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীর শিখন নিশ্চিত করা
- শিখন শেখানো পদ্ধতি ও কৌশলের কার্যকারিতা সম্পর্কে তথ্য সংগ্রহ ও মানোন্নয়নের উদ্যোগ গ্রহণ করা

৩.২ কখন মূল্যায়ন করব?

শ্রেণিকক্ষে একটি পাঠের শুরুতে, পাঠ চলাকালীন বা পাঠের শেষে যেকোনো সময় গাঠনিক মূল্যায়ন পরিচালনার প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ, আমরা যদি গণিতের ক্ষেত্রে বীজগণিতীয় ভগ্নাংশের যোগ বিষয়ে পাঠদান কার্যক্রম শুরু করতে চাই তাহলে শুরুতেই একটি কুইজের মাধ্যমে শিক্ষার্থীদের প্রয়োজনীয় পূর্বজ্ঞান (যেমন: লসাগু সম্পর্কিত ধারণা) যাচাই করা যায়। এই তথ্য আমাদের শ্রেণিকার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সহায়ক হবে। যদি অধিকাংশ শিক্ষার্থী লসাগু নির্ণয় করতে না পারে তখন লসাগু নির্ণয়ের প্রক্রিয়া শেখানোর পর ভগ্নাংশের যোগ সম্পর্কিত পাঠ পরিচালনা শুরু করা সমীচীন হবে। কারণ লসাগু নির্ণয়ে অস্পষ্টতা থাকলে ভগ্নাংশের যোগ সম্পর্কিত সমস্যা সমাধানে শিক্ষার্থীরা বাধাগ্রস্থ হবে।

৩.৩ কী মূল্যায়ন করবো?

গণিতের একজন শ্রেণি শিক্ষক হিসেবে আমাদের প্রতিদিন বিভিন্ন শিখন শেখানো কার্যক্রমে সম্পৃক্ত থাকতে হয়। সাধারণত নিম্নোক্ত ক্ষেত্রসমূহে গণিত বিষয়ের শিখন শেখানো কার্যক্রম পরিচালিত হয়:

- সংখ্যা ও প্রক্রিয়া (Number and Operation)
- পরিমাপ (Measurement)
- বীজগণিত (Algebra)
- জ্যামিতি (Geometry)
- তথ্য ও উপাত্ত (Information and data)

উল্লিখিত ক্ষেত্রসমূহ শিক্ষার্থীর গণিত বিষয়ে বিভিন্ন দক্ষতার সাথে সম্পর্কিত। এ দক্ষতাসমূহ হচ্ছে-

- গাণিতিক ধারণা
- গাণিতিক প্রক্রিয়া
- গাণিতিক সমস্যা সমাধান
- গাণিতিক মূল্যবোধ

শিক্ষক হিসেবে আমাদের দায়িত্ব হচ্ছে গাঠনিক মূল্যায়নের মাধ্যমে এসকল দক্ষতা শিক্ষার্থীরা অর্জন করছে কিনা তা যাচাই করা এবং এক্ষেত্রে কোনো ধরনের প্রতিবন্ধকতা থাকলে সেগুলো দূর করে শিক্ষার্থীদের বিভিন্ন দক্ষতা অর্জন নিশ্চিত করা। অষ্টম শ্রেণির গণিত বিষয়ের শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফলের মাধ্যমে উপরোক্ত দক্ষতাসমূহ অর্জন করা যায়। **[পরিশিষ্ট-ক: গণিত বিষয়ে শিক্ষাক্রমে উল্লিখিত প্রান্তিক শিখনফলের শ্রেণিভিত্তিক বিভাজন]**

৩.৪ কীভাবে মূল্যায়ন করবো?

আমরা ইতোমধ্যে জেনেছি যে, গাঠনিক মূল্যায়নের মূল উদ্দেশ্য হলো- শিক্ষার্থীকে তার শিখনে সহায়তা করা। সহায়তা প্রদানের ক্ষেত্রে সমস্যার ধরন ও প্রকৃতি বোঝা খুবই জরুরি। গাণিতিক ধারণা, গাণিতিক প্রক্রিয়া, গাণিতিক সমস্যা সমাধান এবং আচরণ ও মূল্যবোধ ইত্যাদি দক্ষতা অর্জনের ক্ষেত্রে শিক্ষার্থী কী ধরনের সমস্যায় পড়ছে তা চিহ্নিত করার জন্য আমরা বিভিন্ন মূল্যায়ন পদ্ধতি ও টুলস ব্যবহার করতে পারি। নিচে কিছু পদ্ধতি ও টুলসের নাম উল্লেখ করা হয়েছে। তবে এর বাইরেও অন্যান্য পদ্ধতি ও টুলস ব্যবহার করা যেতে পারে।

মূল্যায়ন পদ্ধতি	টুলস
লিখিত পরীক্ষা, শ্রেণি অভীক্ষা	প্রশ্নপত্র, রুব্রিক্স (নম্বর প্রদান নির্দেশিকা), উত্তরপত্র, নমুনা উত্তর

মূল্যায়ন পদ্ধতি	টুলস
মৌখিক প্রশ্নোত্তর	কুইজ, প্রশ্নের তালিকা, অডিও রেকর্ডার, পর্যবেক্ষণ চার্ট
পর্যবেক্ষণ	চেকলিস্ট, রেটিং স্কেল, ফিল্ড নোট, ভিডিও রেকর্ডিং
প্রজেক্ট ওয়ার্ক/অনুসন্ধানমূলক কাজ	রুব্রিক্স, প্রেজেন্টেশন স্লাইড, প্রজেক্ট রিপোর্ট
পোর্টফোলিও	শিক্ষার্থীর কৃতিত্বের নমুনা, ইলেকট্রনিক পোর্টফোলিও, স্কোরিং শিট

লিখিত পরীক্ষা, শ্রেণি অভীক্ষা, প্রজেক্ট ওয়ার্ক, অনুসন্ধানমূলক কাজ ইত্যাদি ক্ষেত্রে রুব্রিক্স শিক্ষার্থী মূল্যায়নে একটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে। পর্যবেক্ষণ পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে চেকলিস্ট একটি কার্যকরী টুল। ডিজিটাল মূল্যায়ন পদ্ধতিতে গুগল ফর্ম বা কাহুট (Kahoot) এর মতো টুলস সহজে প্রশ্নপত্র তৈরি, ফলাফল সংগ্রহ এবং বিশ্লেষণ করতে সহায়তা করে।

এখন প্রশ্ন হচ্ছে আমরা কি একটি পদ্ধতি ও টুলস যেকোনো শিখন শেখানো কার্যক্রমে ব্যবহার করতে পারি? স্বভাবতই উত্তর হচ্ছে- 'না'। কারণ বিভিন্ন পদ্ধতি ও টুলস এর মধ্যে কাঠামোগত ও প্রকৃতিগত ভিন্নতা আছে। চলুন জেনে নেই মূল্যায়ন পদ্ধতি ও টুলস নির্বাচনে আমরা কী কী বিষয় বিবেচনা করতে পারি।

৩.৪.১ টুলস নির্বাচনে বিবেচ্য বিষয়

শিখন শেখানো কার্যক্রম পরিচালনার সময় যে দক্ষতা বা দক্ষতাসমূহের মূল্যায়ন করা হবে তার প্রকৃতি অনুসারে মূল্যায়ন পদ্ধতি ও টুলস নির্বাচন করতে হয়। ধরা যাক, কোনো একটি গাণিতিক সমস্যা সমাধান সম্পর্কিত দক্ষতা শিক্ষার্থীরা অর্জন করেছে কিনা তা যাচাই করে এ বিষয়ে যাদের সমস্যা রয়েছে তাদেরকে সহায়তা করা প্রয়োজন। সেক্ষেত্রে পদ্ধতি হিসেবে মৌখিক পরীক্ষা এবং টুলস হিসেবে মৌখিক প্রশ্ন কি ব্যবহার করা যায়? উত্তর হচ্ছে 'না'। কারণ মৌখিক পরীক্ষার মাধ্যমে গাণিতিক সমস্যা সমাধান দক্ষতার বিভিন্ন ধাপ বা প্রক্রিয়া শিক্ষার্থী অনুসরণ করেছে কিনা তা মূল্যায়ন করা সম্ভব নয়। এক্ষেত্রে মূল্যায়ন পদ্ধতি হিসেবে লিখিত পরীক্ষা এবং টুলস হিসেবে প্রশ্নপত্র, রুব্রিক্স উপযুক্ত মাধ্যম হতে পারে।

৩.৪.২ গাণিতিক ক্ষেত্র ও সংশ্লিষ্ট মূল্যায়নের ক্ষেত্র

গাঠনিক মূল্যায়ন শিখন শেখানো কার্যক্রমের অবিচ্ছেদ্য অংশ। শিখন শেখানো কার্যক্রম পরিচালনার মাধ্যমে নিম্নোক্ত মূল্যায়নের ক্ষেত্রসমূহে শিক্ষার্থীদের দক্ষতা অর্জিত হয়:

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়নের ক্ষেত্র
সংখ্যা ও প্রক্রিয়া	• গাণিতিক ধারণা • গাণিতিক প্রক্রিয়া • গাণিতিক সমস্যা সমাধান • গাণিতিক মূল্যবোধ
পরিমাপ	
বীজগণিত	
জ্যামিতি	
তথ্য ও উপাত্ত	

আমরা যখন উপরোক্ত গাণিতিক ক্ষেত্রসমূহের আলোকে শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করি তখন আমাদের লক্ষ্য থাকে উল্লিখিত ক্ষেত্রসমূহের দক্ষতাগুলো যেন শিক্ষার্থীরা অর্জন করতে পারে। ধরুন, আমরা তথ্য ও উপাত্ত সংক্রান্ত শিখন শেখানো কার্যক্রম শেষ করেছি এবং শিক্ষার্থীদের তথ্য ও উপাত্ত সংশ্লিষ্ট বিভিন্ন গাণিতিক দক্ষতা অর্জিত হয়েছে কিনা তা যাচাই করতে চাই। এই উদ্দেশ্যে আমরা এমন একটি অভীক্ষাপত্র তৈরি করতে পারি যার মাধ্যমে শিক্ষার্থীর গাণিতিক ধারণা, গাণিতিক প্রক্রিয়া, গাণিতিক সমস্যা সমাধান এবং গাণিতিক মূল্যবোধ অর্জিত হয়েছে কিনা তা মূল্যায়ন করা যায়।
আবার ধরুন, আমরা পরিমাপ সংক্রান্ত শিখন শেখানো কার্যক্রম শেষে শিক্ষার্থীদের এ সংশ্লিষ্ট বিভিন্ন দক্ষতা অর্জিত হয়েছে কিনা তা যাচাই করতে চাই। এই উদ্দেশ্যে একটি অনুসন্ধানমূলক কাজ শিক্ষার্থীদের দলগতভাবে করতে দেওয়া যায় যার মাধ্যমে

শিক্ষার্থীর গাণিতিক ধারণা, গাণিতিক প্রক্রিয়া, সমস্যা সমাধান এবং গাণিতিক মূল্যবোধ অর্জিত হয়েছে কিনা তা মূল্যায়ন করা যায়।

৩.৪.৩ বিভিন্ন ধরনের গাণিতিক দক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়

ইতোমধ্যে আমরা জেনেছি, গণিত বিষয়ে যেসকল ক্ষেত্র বিবেচনায় নিয়ে মূল্যায়ন করা প্রয়োজন তা নিম্নরূপ:

- গাণিতিক ধারণা
- গাণিতিক প্রক্রিয়া
- গাণিতিক সমস্যা সমাধান
- গাণিতিক মূল্যবোধ

নিচে এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা হলো-

গাণিতিক ধারণা

গাণিতিক ধারণা বলতে সেই বিষয়গুলোকে বোঝায় যা গণিতের মূল ভিত্তি তৈরি করে। মূল ভিত্তি বলতে মূলত মৌলিক ধারণাকে বোঝায়। এই ধারণা গাণিতিক সংখ্যা, রাশি, সম্পর্ক, প্যাটার্ন এবং জ্যামিতিক কাঠামোর সাথে সম্পর্কিত। এগুলো বাস্তবজীবনের বিভিন্ন সমস্যা সমাধানে প্রয়োগ করা হয়। একটি গাণিতিক ধারণার মধ্যে একাধিক মৌলিক ধারণা থাকতে পারে। সেক্ষেত্রে প্রতিটি মৌলিক ধারণাকে বিবেচনায় নিয়ে মূল্যায়ন কৌশল ঠিক করতে হবে।

গাণিতিক প্রক্রিয়া

গাণিতিক প্রক্রিয়া হলো বিভিন্ন গাণিতিক কৌশল বা ধাপ যা বিভিন্ন গাণিতিক সমস্যা সমাধানে ব্যবহার করা হয়। যেমন, সংখ্যাগত প্রক্রিয়া, পরিমাপ সম্পর্কিত প্রক্রিয়া, জ্যামিতিক আকৃতি সম্পর্কিত প্রক্রিয়া, পরিসংখ্যান সম্পর্কিত প্রক্রিয়া ইত্যাদি।

গাণিতিক সমস্যা সমাধান

গাণিতিক ধারণা ও প্রক্রিয়া প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীরা গাণিতিক সমস্যার সমাধান করবে। প্রয়োজনে শিক্ষার্থী নিজে গাণিতিক সমস্যা তৈরি/সৃজন করে নিজেই সেটা সমাধান করবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের গণিতের কোনো ধারণা, পদ্ধতি, সূত্র বা কোনো অর্জিত জ্ঞানকে বাস্তব ক্ষেত্রে বা নতুন পরিস্থিতিতে কাজে লাগানোর ক্ষমতাই হলো সমস্যা সমাধান বা প্রয়োগ দক্ষতা। এক বা একাধিক ধাপে গাণিতিক সমস্যা সমাধান করা যায়। প্রতিটি ধাপে শিক্ষার্থীর দক্ষতা মূল্যায়নের প্রয়োজন। সেক্ষেত্রে মূল্যায়নের জন্য প্রতিটি ধাপের জন্য চেকলিস্ট প্রয়োজন।

গাণিতিক মূল্যবোধ

শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী ১০টি মানবিক গুণাবলি অর্জনের মাধ্যমে শিক্ষার্থীর আবেগীয় ক্ষেত্রের বিকাশ নিশ্চিত করা যায়। যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ। গাণিতিক মূল্যবোধ হলো গণিত বিষয় সংশ্লিষ্ট আবেগীয় মূল্যবোধ যা গণিত শেখা, সমস্যা সমাধান এবং বাস্তবজীবনে গণিতের প্রয়োগে ইতিবাচক মনোভাব গড়ে তোলে। এটি একজন ব্যক্তির গণিতের প্রতি দৃষ্টিভঙ্গি, যুক্তি বুদ্ধির ব্যবহার এবং গাণিতিক নীতির প্রতি সম্মান প্রদর্শনের সাথে সম্পর্কিত।

গাণিতিক মূল্যবোধের কিছু গুরুত্বপূর্ণ দিক হলো—

১. যুক্তিনির্ভর চিন্তা: গাণিতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সুস্পষ্ট যুক্তির প্রয়োগ;
২. নিয়মানুবর্তিতা: গণনায় শুদ্ধতা ও নিয়ম মেনে কাজ করার অভ্যাস;
৩. সমস্যা সমাধানের আগ্রহ: জটিল পরিস্থিতি বিশ্লেষণ করে কার্যকর সমাধান খোঁজার আগ্রহ;
৪. ধৈর্য ও অধ্যবসায়: কঠিন গাণিতিক সমস্যা মোকাবিলা করার সময় ধৈর্য্য ধরে কাজ করা;
৫. সৃজনশীলতা: নতুন উপায়ে সমস্যা সমাধানের কৌশল খুঁজে বের করা;
৬. বাস্তবজীবনে গণিতের প্রয়োগ: দৈনন্দিন জীবনের বিভিন্ন ক্ষেত্রে গাণিতিক জ্ঞান ব্যবহার করা।

গাণিতিক মূল্যবোধ একজন ব্যক্তিকে গণিতমনস্ক করে, ফলে যৌক্তিক চিন্তার বিকাশের মাধ্যমে সমস্যার সমাধান ও সামাজিক কল্যাণ সাধিত হয়।

গাণিতিক মূল্যবোধ পর্যবেক্ষণে বিবেচ্য বিষয়সমূহ:

১. শিক্ষার্থী নির্ভুলভাবে গাণিতিক সমস্যা সমাধান করতে পারে কিনা;

২. সমস্যার সমাধানে যৌক্তিক পদ্ধতি ব্যবহার করতে পারে কিনা;

৩. সমাধানের যৌক্তিকতা ব্যাখ্যা করতে পারে কিনা;

৪. ধারণাগুলির মধ্যে সম্পর্ক স্থাপন করে ইতিবাচকভাবে বাস্তবজীবনে প্রয়োগ করতে পারে কিনা;

৫. শিক্ষার্থীর গণিতের প্রতি আগ্রহ এবং আত্মবিশ্বাস আছে কিনা।

৪. ফলাবর্তন (Feedback)

৪.১ ফলাবর্তনের ধারণা

ফলাবর্তন শিখন শেখানো র্কাযক্রম এবং গাঠনিক মূল্যায়ন প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ যার মাধ্যমে আপনি শিক্ষার্থীকে শিখনে সহায়তা করতে পারেন। ফলাবর্তনের মাধ্যমে একজন শিক্ষার্থীর বিভিন্ন সময়ে শিখনে সবলতা ও দুর্বলতা এবং তার প্রেক্ষিতে উন্নয়নের ক্ষেত্রসমূহ সম্পর্কে শিক্ষার্থীকে অবহিত করা হয় । একই সময়ে শিক্ষার্থীর ভুল ধারণা সংশোধন করা হয়। ফলাবর্তনের মাধ্যমে শিক্ষার্থী তার শিখনের অবস্থা সম্পর্কে বুঝতে পারে এবং তার ভিত্তিতে কী করতে হবে তা নির্ধারণ করতে পারে। ফলাবর্তন শিক্ষার্থীর প্রয়োজন অনুসারে তাৎক্ষণিক হওয়াই উত্তম। ফলাবর্তনে কাজের মান সম্পর্কে কীভাবে শিক্ষার্থীর শিখন আরো উন্নত করা যায় সে বিষয়ে শিক্ষকের পরামর্শ মন্তব্যসহ থাকে। ফলাবর্তন প্রদানের পুর্বে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর অবশ্যই সুস্পষ্টভাবে আপনার জানা থাকতে হবে-

- শিক্ষার্থীর শিখন কাজের সবল দিক কী?
- শিক্ষার্থীর শিখন কাজের দুর্বল দিক কী?
- দুর্বলতা কাটিয়ে শিক্ষার্থী কীভাবে আরো ভালো করতে পারে?
- শিক্ষার্থীর কাজকে কীভাবে মানসম্মত কাজের সাথে তুলনা করা যায়?

৪.২ ফলাবর্তনের ধরন

ফিডব্যাক আনুষ্ঠানিক (Formal) এবং অনানুষ্ঠানিক (Informal) দু'ভাবেই সংঘটিত পারে।
অনানুষ্ঠানিক ফলাবর্তন অন্তর্ভুক্ত বিষয়াবলি হচ্ছে:

- শিক্ষক শিক্ষার্থীর মাঝে প্রতিনিয়ত আলোচনা;
- দু'জন শিক্ষার্থী/সতীর্থের মধ্যকার আলোচনা;
- পরিবারের সদস্যদের সাথে আলোচনা;
- বই, জার্নাল, অডিও, ভিডিও (রেফারেন্সড)

আনুষ্ঠানিক ফলাবর্তন:

- লিখিত মতামত প্রদান

৪.৩ কার্যকর ফলাবর্তনের বৈশিষ্ট্য

তাৎক্ষণিক: শিক্ষার্থীর সবলতা ও দুর্বলতা চিহ্নিত হওয়ার পর বা মূল্যায়নের পর যত দ্রুত সম্ভব ফলাবর্তন প্রদান করা যুক্তিযুক্ত। তা না হলে শিক্ষার্থীর শিখন উন্নয়নের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ভুলে যাওয়ার সম্ভাবনা থাকে।

সুনির্দিষ্ট: ফলাবর্তন হতে হবে সুনির্দিষ্ট। শিক্ষার্থী ঠিক যে ক্ষেত্রে (কাজ, পদ্ধতি/প্রক্রিয়া বা আচরণ) ভুল করেছে বা উন্নয়ন করা প্রয়োজন ঠিক সেখানে ফলাবর্তন প্রদান করতে হবে।

বোধগম্য: ফলাবর্তন হতে হবে বোধগম্য। শিখন অর্জনের জন্য কী করতে হবে, কীভাবে করতে হবে তা যেন শিক্ষার্থী বুঝতে পারে তা নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নযোগ্য: ফলাবর্তন প্রদানের সময় লক্ষ রাখতে হবে শিক্ষার্থী যেন ফলাবর্তন পাবার পর তা বাস্তবায়ন করতে পারে।

৪.৪ কার্যকর ফলাবর্তন কৌশল

কার্যকর ফলাবর্তন প্রদানের ক্ষেত্রে কিছু নির্দেশনামূলক বাক্য/বাক্যাংশ ব্যবহার করা যায়। যেমন:

ফলাবর্তনের উদ্দেশ্য	**নির্দেশনামূলক বাক্য/বাক্যাংশ**
উত্তর নিশ্চিত করা ও পরবর্তী নির্দেশনা প্রদান	উত্তর ঠিক, এবার এটিকে উদাহরণের সাহায্যে বিস্তৃত কর....
ভুল/ত্রুটি সংশোধন	ভালো চেষ্টা কিন্তু এটি সঠিক নয়; আসলে সঠিক উত্তরটি হবে...

ফলাবর্তনের উদ্দেশ্য	নির্দেশনামূলক বাক্য/বাক্যাংশ
তথ্য প্রদান	তুমি আসলে যা বোঝাতে চেয়েছো তা কাছাকাছি হয়েছে, তবে সঠিক বিষয়টি হলো ...
শিখন ফোকাসে আনা	তোমার উত্তরে যে বিষয়গুলি এসেছে তা সবই গুরুত্বপূর্ণ, তবে তুমি এই (নির্দিষ্ট ফোকাসটি উল্লেখ করে) দিকটাতেই ফোকাস কর...
শিখনের দিক পরিবর্তন	তুমি সুন্দরভাবে উপাদানগুলি বর্ণনা করেছো, এবার এদের মধ্যে সম্পর্ক বোঝার/বোঝানোর চেষ্টা কর।

৪.৫ কার্যকরী ফলাবর্তনের বিবেচ্য বিষয়সমূহ

- শিক্ষার্থীর সবলতা ও দুর্বলতা চিহ্নিত হওয়ার পর বা মূল্যায়নের পর যত দ্রুত সম্ভব ফলাবর্তন প্রদান করা যুক্তিযুক্ত। তা না হলে শিক্ষার্থীর শিখন উন্নয়নের অনেক গুরুত্বপুর্ণ ক্ষেত্র আপনি ভুলে যেতে পারেন।
- ফলাবর্তন হতে হবে সুনির্দিষ্ট। শিক্ষার্থী ঠিক যে ক্ষেত্রে (কাজ, পদ্ধতি/প্রক্রিয়া বা আচরণ) ভুল করেছে বা উন্নয়ন করা প্রয়োজন ঠিক সেখানে ফলাবর্তন প্রদান করতে হবে।
- ফলাবর্তন হতে হবে বোধগম্য। কী করতে হবে, কীভাবে করতে হবে তা যেন শিক্ষার্থী বুঝতে পারে তা নিশ্চিত করতে হবে।
- ফলাবর্তন প্রদানের সময় লক্ষ রাখতে হবে শিক্ষার্থী যেন ফলাবর্তন পাবার পর তা বাস্তবায়ন করতে পারেন।
- ফিডব্যাক প্রদানের সময় শিক্ষার্থীর সক্ষমতা ও চাহিদা সম্পর্কে শিক্ষকের সচেতন থাকা আবশ্যক।
- ফলাবর্তন প্রদানকালে শিক্ষার্থীর মতামত উপস্থাপনের সুযোগ দেয়া উচিত।
- শিক্ষার্থী সঠিক উত্তর দিলে তাদের কোনো না কোনো ভাবে উৎসাহ দেয়া উচিত।
- যদি শিক্ষার্থী ভুল উত্তর দেয় তবে তাদের তিরষ্কার বা নিরুৎসাহিত না করে উন্নয়নের ক্ষেত্রটি ধরিয়ে দেয়া প্রয়োজন ।
- ফলাবর্তন শিক্ষার্থীর কাজের সাথে সম্পর্কিত, শিক্ষার্থীর সাথে নয়।
- ফলাবর্তন প্রদানের ক্ষেত্রে অন্য শিক্ষার্থীদের সাথে তুলনা না করে বরং স্বতন্ত্রভাবে প্রত্যেক শিক্ষার্থীর কাজের গুণগত মানোন্নয়নে প্রাধান্য দিতে হবে। অন্য শিক্ষার্থীদের সাথে তুলনা মানসিক চাপ বা হীনমন্যতার কারণ হতে পারে। এক্ষেত্রে শিক্ষার্থীর আগের কাজ ও পরবর্তী কাজের মধ্যে তুলনা করে শিখন অগ্রগতি যাচাই করতে পারেন।
- লিখিত ফলাবর্তনের তুলনায় মুখোমুখি (Face to Face) ফলাবর্তন প্রায়শই বেশি কার্যকর হয়। কারণ মুখোমুখি ফলাবর্তনে শিক্ষার্থীর প্রশ্ন করার সুযোগ থাকে।
- বাহ্যিক পুরস্কার (স্টিকার, চকলেট ইত্যাদি) ও সম্পাদিত কাজের মধ্যে নেতিবাচক সম্পর্ক রয়েছে, যা অন্যদের সাথে অনাবশ্যক / অনাকাঙ্ক্ষিত তুলনাকে উৎসাহিত করে।

৪.৬ কার্যকর ফলাবর্তনের উদাহরণ

প্রশ্ন: কোনো প্রকৃত ভগ্নাংশের লব ও হরের যোগফল 14 এবং বিয়োগফল 8 হলে, ভগ্নাংশটি নির্ণয় করো।
উল্লিখিত প্রশ্নের প্রেক্ষিতে একজন শিক্ষার্থীর লিখিত উত্তর নিম্নরুপ:
শিক্ষার্থীর লিখিত উত্তর:
ধরি, প্রকৃত ভগ্নাংশটি $\frac{x}{y}$

১ম শর্তানুসারে, $x + y = 14$ ..... (1)
এবং ২য় শর্তানুসারে, $x - y = 8$ ..... (2)
সমীকরণ (1) ও (2) যোগ করে পাই,

$$2x = 22 \ \therefore x = 11$$

x এর মান সমীকরণ (1) এ বসিয়ে পাই,

$$11 + y = 14$$

বা, $y = 14 - 11 \ \therefore y = 3$

$\therefore$ নির্ণেয় ভগ্নাংশটি $\frac{11}{3}$

উত্তরটি পড়ে তিনজন শিক্ষক নিম্নোক্ত উপায়ে আলাদা আলাদা ভাবে মন্তব্য করেছেন।

শিক্ষকগণের মন্তব্য:

শিক্ষক A	শিক্ষক B	শিক্ষক C
তুমি ভালো চেষ্টা করেছ, তবে সমস্যাটি সমাধানে তোমার কিছু ভুল হয়েছে। পরবর্তীতে এমন ভুল যেনো না হয় সেদিকে খেয়াল রাখবে।	সমস্যাটি সমাধানে তুমি খুব ভালো চেষ্টা করেছ, এখানে সমস্যাটি সমাধানে তোমার কিছু ভুল হয়েছে যা নিম্নোক্তভাবে সমাধান করলে ভালো হবে- • যেহেতু ভগ্নাংশটি প্রকৃত ভগ্নাংশ সেহেতু, ধরে নেওয়া ভগ্নাংশের পাশে $y > x, y \neq 0$ লিখতে হবে এবং ২য় শর্তানুসারে $y - x = 8$ হবে।	সমাধান: ধরি, প্রকৃত ভগ্নাংশটি $\frac{x}{y}$? ১ম শর্তানুসারে, $x + y = 14$ ..... (1) এবং ২য় শর্তানুসারে, $x - y = 8$ ..... (2) সমীকরণ (1) ও (2) যোগ করে পাই, $2x = 22$ $\therefore x = 11$ x এর মান সমীকরণ (1) এ বসিয়ে পাই, $11 + y = 14$ বা, $y = 14 - 11$ $\therefore y = 3$ $\therefore$ নির্ণেয় ভগ্নাংশটি $\frac{11}{3}$

❖ শিক্ষক A এর মন্তব্য কার্যকর নয়, কারণ-

- তার মন্তব্য সুনির্দিষ্ট নয়। অর্থাৎ শিক্ষার্থীর উত্তরের কোন দিক বা অংশ ভাল হয়েছে সে বিষয়ে তিনি কোনো মন্তব্য করেননি।
- শিক্ষার্থীর কোন ক্ষেত্রে উন্নয়ন দরকার সে বিষয়ে তিনি কোনো পরামর্শ দেননি।

❖ শিক্ষক B এর মন্তব্য অধিক কার্যকর। কারণ তিনি-

- স্পষ্টভাবে শিক্ষার্থীর সবলতা ও দুর্বলতা চিহ্নিত করেছেন।
- সুনির্দিষ্ট মন্তব্য করেছেন।
- আরো উন্নতি করার জন্য শিক্ষার্থীর করণীয় কী হতে পারে তার জন্য পরামর্শ দিয়েছেন।

❖ শিক্ষক C এর মন্তব্য যথেষ্ট কার্যকর নয়। কারণ তিনি -

- শুধু কিছু জায়গায় আন্ডারলাইন করেছেন। হতে পারে সেখানে কোনো সমস্যা আছে, কিন্তু সমস্যাগুলো কোন ধরনের সেটা বোঝার উপায় নেই।
- শিক্ষার্থীকে কোনো পরামর্শ দেননি।

৫. নিরাময়মূলক সহায়তা

গাঠনিক মূল্যায়নের অন্যতম উদ্দেশ্য হচ্ছে প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীর শিখন নিশ্চিত করা। এজন্য বিভিন্ন পদ্ধতি ও টুলস ব্যবহার করে শিক্ষার্থীর শিখন দুর্বলতা চিহ্নিত করার পর বিষয় শিক্ষক হিসেবে আপনাকে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করতে হয়। প্রকৃতি বিবেচনায় এসকল উদ্যোগের কিছু ভিন্নতা আছে। যেমন, আপনার কিছ উদ্যোগ থাকবে শিক্ষর্থীকে তাৎক্ষণিক তার শিখনের সবলতা ও দুর্বলতা অবহিত করা বা কীভাবে সে দুর্বলতা কাটিয়ে উঠতে পারে সেসম্পর্কে পরামর্শ দেয়া। আবার কিছু উদ্যোগ হতে পারে শিক্ষার্থীকে বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত করা, বিশেষ করে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের ক্ষেত্রে। শিক্ষর্থীকে তার শিখনের সবলতা বা দুর্বলতা অবহিতকরণ বা দুর্বলতা কাটিয়ে উঠার পরামর্শ প্রদান ফলাবর্তনের অংশ যা পূর্বের অধ্যায়ে আলোচনা করা হয়েছে। নিরাময়মূলক সহায়তা হচ্ছে বিভিন্ন কার্যক্রমের সমষ্টি যেখানে পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করে তাদের শিখন ঘাটতি পূরণের কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়।

তাহলে দেখা যাচ্ছে, নিরাময়মূলক সহায়তা বলতে এমন ব্যবস্থা ও উদ্যোগ গ্রহণকে বোঝায়, যা শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত যেকোনো সমস্যা সমাধান করে শিখন অগ্রগতি নিশ্চিত করে। শিখন শেখানো কার্যক্রমে নিরাময়মূলক সহায়তা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কারণ এর মাধ্যমে শিক্ষার্থীদের প্রয়োজন অনুযায়ী উপযুক্ত সহায়তা প্রদান করে তাদের শিখন প্রক্রিয়াকে কার্যকর ও ফলপ্রসূ করে তোলা যায়। প্রত্যেক শিক্ষার্থীর শিখন শৈলী, সক্ষমতা এবং সমস্যা ভিন্ন। নিরাময়মূলক সহায়তার মাধ্যমে শিক্ষার্থীর সুনির্দিষ্ট চাহিদা পূরণ করার চেষ্টা করা হয়। যেসব শিক্ষার্থী বিভিন্ন কারণে শ্রেণিকক্ষে প্রত্যাশিত শিখন অর্জন করতে পারে না তাদের জন্য নিরাময়মূলক সহায়তা অত্যন্ত কার্যকর।

৫.১ নিরাময়মূলক সহায়তা কৌশল

আপনি কীভাবে নিরাময়মূলক সহায়তা দেবেন তা নির্ভর করবে আপনার শিক্ষার্থীদের শিখন ঘাটতির প্রকৃতি, মাত্রা, শিক্ষার্থীর সংখ্যা ইত্যাদি বিষয়ের উপর। হতে পারে শ্রেণির অধিকাংশ শিক্ষার্থীর কোনো একটি বিষয়ে শিখন ঘাটতি আছে, আবার হতে পারে শ্রেণির ১/২ জন শিক্ষার্থীর কোনো একটি বিষয়ে শিখন ঘাটতি আছে। দু'টি পরিস্থিতিতে আপনার আপনার নিরাময়মূলক কার্যক্রম কি একই হবে? স্বভাবতই উত্তর হচ্ছে 'না'। আপনি হয়তো প্রথমোক্ত ক্ষেত্রে একটি পুনরাবৃত্তিমূলক ক্লাসের আয়োজন করবেন যেখানে দ্বিতীয় ক্ষেত্রে আপনি ১/২ জন শিক্ষার্থীর সাথে আপনার সুবিধাজনক সময়ে কথা বলে নিবেন। পরিস্থিতি বিবেচনায় আপনার নিরাময়মূলক কৌশল হতে পারে—

- **শিক্ষক কর্তৃক সরাসরি নিরাময়মূলক সহায়তা**: বিষয়বস্তুর কাঠিন্য বা পারিপার্শিক অবস্থা বিবেচনায় অনেকসময় প্রত্যক্ষভাবে স্বশরীরে আপনার নিরাময়মূলক কার্যক্রম পরিচালনা করতে হতে পারে।
- **পারগ সহপাঠীর মাধ্যমে নিরাময়মূলক সহায়তা**: এই প্রক্রিয়া আপনার সময় ও সাধ্যের সাথে ক্লাস লোডকে সমন্বয় করতে সহায়তা করতে পারে। অনেক ক্ষেত্রে শিক্ষার্থীরা তার সহপাঠীর সাথে তার শিখন সমস্যা শেয়ার করতে সাবলীল বোধ করে। তবে এক্ষেত্রে আপনাকে বিষয়বস্তুর কাঠিন্য, সহপাঠীদের মধ্যকার আন্তঃসম্পর্ক ইত্যাদি বিষয়ে সতর্ক থাকতে হবে।
- **ওয়ান টু ওয়ান নিরাময়মূলক সহায়তা**: পরিস্থিতি এমন হতে পারে যে পিছিয়ে পড়া শিক্ষার্থীর সাথে সরাসরি আলাপ আলোচনা ছাড়া তার শিখন দুর্বলতা কাটানো দূরহ হতে পারে।
- **দলগতভাবে নিরাময়মূলক সহায়তা**: আপনি যদি দেখেন যে, প্রায় কোনো একটি শিখন ক্ষেত্রে শ্রেণির প্রায় অর্ধেক শিক্ষার্থী শিখন দুর্বলতা আছে তাহলে ঐ শিখন ক্ষেত্রে নিরাময়মূলক কার্যক্রম হিসেবে দলগত এপ্রোচ ব্যবহার করতে পারেন। এক্ষেত্রে পারগ ও পিছিয়ে পড়া শিক্ষার্থীর সংমিশ্রণে একাধিক দলগঠন করে সংশ্লিষ্ট বিষয়ে দলগত কাজের আয়োজন করতে পারেন। আপনার তত্ত্বাবধানে দলগত কাজ চলার সময় পারগ শিক্ষার্থীদের সহায়তায় পিছিয়ে পড়া শিক্ষার্থীদের শিখন সম্পন্ন হতে পারে।
- **পুরো শ্রেণির জন্য নিরাময়মূলক সহায়তা**: শ্রেণির অধিকাংশ শিক্ষার্থীর কোনো একটি বিষয়ে শিখন ঘাটতি পরিদৃষ্ট হলে পুরো শ্রেণির জন্য নিরাময়মূলক কার্যক্রম গ্রহণের প্রয়োজন হতে পার। যেমন, পুনরাবৃত্তিমূলক ক্লাস।

- **শিখন কৌশলের পরিবর্তনের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা:** যখন অধিকাংশ শিক্ষার্থীর বারংবার শিখন ঘাটতি পরিদৃষ্ট হয় তখন আপনার টিচিং এপ্রোচ নিয়ে ভাবতে হবে। এক্ষেত্রে শিখন কৌশলের পরিবর্তনই হতে পারে কার্যকর নিরাময় কৌশল।

৫.২ নিরাময়মূলক কৌশল ব্যবহারের সময় বিবেচ্য বিষয়

- পিছিয়ে পরা শিক্ষার্থীর শিখন উন্নয়নের জন্য আপনার প্রথম কাজ হবে তার/তাদের সাথে আপনার সম্পর্ক উন্নয়ন। অনেক ক্ষেত্রেই দেখা যায় শিক্ষকের সাথে সহজ সম্পর্ক না থাকলে শিক্ষার্থী কোনো বিষয় না বুঝলেও শিক্ষকের সহায়তা চায় না; নিজেকে গুটিয়ে রাখে। শিক্ষকের সাথে সহজ, আস্থাপূর্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক থাকলে শিক্ষার্থী কোনো বিষয় সম্পর্কে জানার জন্য শিক্ষককে প্রশ্ন করতে পারে, শিক্ষকের কাছে বাড়তি সহায়তা চাইতে পারে।
- পিছিয়ে পরা শিক্ষার্থী ও তার সহপাঠীদের সাথে বন্ধুত্ব ও আস্থাপূর্ণ সম্পর্ক থাকলে শিক্ষার্থী তার পারগ সহপাঠীর কাছে সহায়তা চাইতে পারে। এক্ষেত্রে পিছিয়ে পরা শিক্ষার্থীদের সাথে শিক্ষক ও সহপাঠীর সম্পর্কের উন্নয়ন ঘটানোর জন্য শিক্ষককে উদ্যোগ নিতে হবে।
- শিক্ষার্থীর আচরণগত বা আবেগীয় সমস্যার ক্ষেত্রেও এ ধরনের নিরাময়মূলক ব্যবস্থা কার্যকর। পারস্পরিক বিশ্বাস এক্ষেত্রে বড় ভূমিকা রাখে। আচরণগত সমস্যায় ভুগছে-এ ধরনের শিক্ষার্থীর আচরণের পিছনের কারণ বোঝার জন্য শিক্ষককে মনোযোগী হতে হয়। এক্ষেত্রে সমালোচনা/নেতিবাচক মন্তব্য বা কঠোর শাসনের পরিবর্তে এমন পরিবেশ তৈরি করতে হবে যাতে আত্মপ্রতিফলনের মাধ্যমে শিক্ষার্থী নিজেই তার ইতিবাচক ও নেতিবাচক ভাবমূর্তি সম্পর্কে সচেতন হতে পারে।
- অনেক ক্ষেত্রেই দেখা যায়, শ্রেণিকক্ষে শিক্ষকগণ অপেক্ষাকৃত এগিয়ে থাকা শিক্ষার্থীদের দিকেই নজর দেন বেশি। অথচ সকল শিক্ষার্থীর শিখন নিশ্চিত করতে হলে শিক্ষককে পিছিয়ে থাকা শিক্ষার্থীদের দিকে একটু বাড়তি নজর দেওয়াটাই অধিক প্রাসঙ্গিক।
- শিক্ষার্থীদের পিছিয়ে পড়ার একটি বড় কারণ বিষয় সম্পর্কে তাদের জানার আগ্রহ ও প্রেষণার অভাব। শিক্ষার্থী কোনো বিষয়ের প্রতি আগ্রহ হারিয়ে ফেললে ক্লাসেও সে মনোযোগী হয় না কিংবা বাড়ীতেও পড়াশোনা করে না। ফলে শিক্ষার্থী শিখনে পিছিয়ে পড়ে। আবার অনেক শিক্ষার্থীর ক্ষেত্রে একটি দুষ্টচক্র কাজ করে। শিক্ষার্থী কোনো কারণে যদি একটি বিষয়ের পরীক্ষায় খারাপ করে, তখন সে ঐ বিষয়ের প্রতি আগ্রহ হারিয়ে ফেলে। আগ্রহ হারিয়ে সে ঐ বিষয়ে অমনোযোগী হয় এবং আবার পরীক্ষায় খারাপ করে। এরকম ক্ষেত্রে শিক্ষক চেষ্টা করবেন বিষয়টি সম্পর্কে শিক্ষার্থীর আগ্রহ ফিরিয়ে আনার বা বাড়ানোর। এক্ষেত্রে শিখন অগ্রসরতার জন্য শিক্ষক কোনো একটি প্রণোদনার ব্যবস্থা রাখেন যা শিক্ষার্থীর মাঝে আগ্রহ সৃষ্টি করে থাকে। শিক্ষার্থীর অল্প সাফল্যেই তাকে প্রশংসা, হাততালি ইত্যাদি প্রণোদনা প্রদান করা যেতে পারে। কোনো বিষয়ের প্রতি শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধির জন্য শিক্ষক নিজে ঐ বিষয়টি সম্পর্কে আগ্রহ ও আবেগ প্রদর্শন করবেন। শিক্ষক যখন অত্যন্ত আগ্রহ নিয়ে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করেন তখন তার ইতিবাচক প্রাণশক্তি শিক্ষার্থীদের মাঝে সঞ্চারিত হয়।
- অনেক ক্ষেত্রেই দেখা যায় পিছিয়ে পড়া শিক্ষার্থী জানে না কীভাবে শিখতে হয়। কেননা যথাসময়ে কোনো বিষয় শেখা বা বোঝার জন্য যে শিখন দক্ষতা দরকার হয় সেই দক্ষতা সে অর্জন করতে পারেনি। যেমন: অনেক বিষয়ে নতুন কোনো ধারণা শেখার জন্য শিক্ষার্থীর পঠন (পড়ার) দক্ষতা জরুরি। পঠন দক্ষতার দুর্বলতার কারণে শিক্ষার্থী হয়তো শ্রেণিকক্ষে পড়ার কাজটি সময়মত শেষ করতে পারে না অথবা বিষয়টি আদৌ বুঝতে পারে না। শিক্ষক বোঝার চেষ্টা করবেন শিক্ষার্থীর এরকম কোনো শিখন দক্ষতার দুর্বলতা রয়েছে কিনা। শিক্ষার্থীর শিখন দক্ষতায় কোনো দুর্বলতা থাকলে শিক্ষক সেটি দূর করার প্রচেষ্টা গ্রহণ করবেন। আবার অনেক শিক্ষার্থী আছে যারা হয়তো একটি বিষয় ভালোভাবে বুঝেছে কিন্তু লেখা বা বলার সময় ঠিকমতো প্রকাশ করতে পারছে না। এরকম শিক্ষার্থীদের ক্ষেত্রে লেখা ও বলা দক্ষতার উন্নয়ন করার দিকে জোর দিতে হবে।
- শিক্ষার্থীদের পিছিয়ে পরা রোধ করতে শিক্ষককে তার শিখন শেখানো কৌশলে পরিবর্তন আনতে হতে পারে। শিক্ষাক্রম এবং শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকায় নির্দিষ্ট শিখন শেখানো কৌশলের কথা সুপারিশ করা আছে। হয়তো শিক্ষক ঐ শিখন শেখানো কৌশলই অনুসরণ করছেন। কিন্তু কখনও কখনও দেখা যায় কোনো কোনো শিক্ষার্থী হয়তো ঐ নির্দিষ্ট শিখন-

শেখানো কাজে অভ্যস্থ হতে পারছে না এবং শিখতে পারছে না। এমতাবস্থায় শিক্ষক শিখন শেখানো কৌশলে পরিবর্তন আনবেন কিংবা নতুন কিছু যোগ করবেন যাতে পিছিয়ে পড়া শিক্ষার্থীরা স্বাচ্ছন্দ বোধ করে।

ফলাবর্তন ও নিরাময়মূলক সহায়তা প্রদানের পার্থক্য

ফলাবর্তন	নিরাময়মূলক সহায়তা
ফলাবর্তন সাধারণত তাৎক্ষণিক হয়	নিরাময়মূলক সহায়তা সাধারণত সময়ব্যাপী হয়
সবলতা ও দুর্বলতা চিহ্নিত করে শিক্ষার্থীকে অবহিত করা হয়	দুর্বলতা দূর করে শিখন অর্জন নিশ্চিত করা হয়
লিখিত বা মৌখিক পরামর্শ দেওয়া হয়	কার্যক্রম পরিচলনার মাধ্যমে পরামর্শ বাস্তবায়ন করা হয়
মূল লক্ষ্য-শিক্ষার্থীর অগ্রগতিতে সহায়তা করা	মূল লক্ষ্য- সংশোধনের মাধ্যমে শিখনকে কার্যকর ও দীর্ঘস্থায়ী করতে সহায়তা করা
এটি সবার জন্য প্রয়োজন হয়	এটি শুধু অপারগ শিক্ষার্থীর জন্য প্রয়োজন হয়

৬. বিষয়বস্তু ও দক্ষতার ভিন্নতাভেদে মূল্যায়ন পদ্ধতি ও টুলস ব্যবহারের উদাহরণ

গাঠনিক মূল্যায়ন কাঠামো (গাণিতিক ক্ষেত্র, বিবেচ্য বিষয়, পদ্ধতি, টুলস এবং উদাহরণ)

৬.১ সংখ্যা ও প্রক্রিয়া

শিখনফল: শিক্ষার্থীরা রৈখিক প্যাটার্নের নির্দিষ্টতম সংখ্যা বের করতে পারবে।

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়ন ক্ষেত্র	মূল্যায়নে বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
সংখ্যা ও প্রক্রিয়া	গাণিতিক ধারণা	সংখ্যার ধারণা	মৌখিক	পর্যবেক্ষণ চেকলিস্ট	শিক্ষক শ্রেণিকক্ষে শিখন শেখানো কৌশল হিসেবে মূল্যায়ন উপকরণ/টুলস (যেমন:প্রশ্ন/প্রশ্নপত্র, পর্যবেক্ষণ চেকলিস্ট প্রস্তুত করবেন এবং পাঠ চলাকালীন তা ব্যবহার করবেন। শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে মৌখিকভাবে প্রশ্নের উত্তর বলতে বলবেন। যেমন: প্রশ্ন-১. ইরাটোস্থিনিস ছাঁকনির সাহায্যে সহজেই কীভাবে কোনো সংখ্যা নির্ণয় করা যায়?
		প্যাটার্নের ধারণা	মৌখিক	পর্যবেক্ষণ চেকলিস্ট	শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে মৌখিকভাবে প্রশ্নের উত্তর বলতে বলবেন। যেমন: প্রশ্ন-১. ০, ১, ১, ২, ৩, ৫, ৮, ...তালিকার পরবর্তী সংখ্যাটি কত?
		রৈখিক প্যাটার্নের ধারণা	লিখিত	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন	শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। যেমন: প্রশ্ন-১. ৭, ১২, ১৭, ২২, ... তালিকার পরবর্তী সংখ্যাটি নির্ণয় করো
		জ্যামিতিক প্যাটার্নের ধারণা	লিখিত	বহুনির্বাচনি প্রশ্ন	শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে সঠিক উত্তরটিতে টিক (√) চিহ্ন দিতে বলবেন। প্রশ্ন - ১: উপরের চিত্রগুলো সমান দৈর্ঘ্যের রেখাংশের দ্বারা তৈরি। পরবর্তী চিত্রে কাঠির সংখ্যা কত? (ক) ৪ (খ) ৭ (গ) ১০ (ঘ) ১৩

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়ন ক্ষেত্র	মূল্যায়নে বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
সংখ্যা ও প্রক্রিয়া	গাণিতিক প্রক্রিয়া	প্যাটার্নের নির্দিষ্টতম সংখ্যা বের করার প্রক্রিয়া	লিখিত	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন	শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। প্রশ্ন -১: দিয়াশলাইয়ের কাঠি দিয়ে নিচের চিত্রগুলোর প্যাটার্ন তৈরি করা হয়েছে।  ১ম ২য় ৩য় শততম চিত্রটি তৈরি করতে কতগুলো কাঠির প্রয়োজন?
	গাণিতিক সমস্যা সমাধান	গাণিতিক সমস্যা সমাধান করতে পারা	লিখিত	প্রশ্ন / প্রশ্নপত্র	শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। প্রশ্ন - ১:  ১ম চিত্র ২য় চিত্র ৩য় চিত্র প্যাটার্নের জ্যামিতিক চিত্রগুলো সমান দৈর্ঘ্যের কাঠি দিয়ে তৈরি। প্যাটার্নটির প্রথম ৫০টি চিত্র তৈরি করতে মোট কতটি কাঠি লাগবে?
	গাণিতিক মূল্যবোধ	▪ নির্ভুলতা ▪ পদ্ধতিগত যৌক্তিক চিন্তন ▪ গাণিতিক যুক্তির মাধ্যমে একমত পোষণ ▪ সহযোগিতাপূর্ণ মনোভাব		চেকলিস্ট	প্রতিটি ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিয়ে চেকলিস্ট তৈরি করে মূল্যায়ন করবেন।

মূল্যায়ন ছক

গাণিতিক ধারণা:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	**সংখ্যার ধারণা**		**প্যাটার্নের ধারণা**		রৈখিক প্যাটার্ন			জ্যামিতিক প্যাটার্ন	
	পর্যবেক্ষণ চেকলিস্ট		পর্যবেক্ষণ চেকলিস্ট		সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন			লিখিত	
	মৌলিক সংখ্যার ধারণা আছে	মৌলিক সংখ্যার ধারণা নাই	ফিবোনাক্কি সংখ্যার ধারণা আছে	ফিবোনাক্কি সংখ্যার ধারণা নাই	সংখ্যাটি বের করতে পেরেছে	পাশাপাশি দুইটি সংখ্যার পার্থক্য বের করতে পেরেছে	পাশাপাশি দুইটি সংখ্যার পার্থক্য বের করতে পারে নাই	কাঠির সংখ্যা বের করতে পেরেছে	কাঠির সংখ্যা বের করতে পারে নাই
১									
২									
৩									
৪									

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক ধারণা সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
  - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
  - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
  - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক প্রক্রিয়া:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	গাণিতিক সমস্যা সমাধানের ধাপ		
	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন		
	সাধারণ পদ বের করে শততম চিত্রটির কাঠির সংখ্যা নির্ণয় করতে পেরেছে	সাধারণ পদ বের করতে পেরেছে কিন্তু কাঠির সংখ্যা নির্ণয় করতে পারে নাই	সাধারণ পদ ও কাঠির সংখ্যা কোনোটিই নির্ণয় করতে পারে নাই
১			
২			
৩			

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক প্রক্রিয়া সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
    - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
    - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
    - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক সমস্যা সমাধান:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	গাণিতিক সমস্যা সমাধান করতে পারা			
	প্রশ্ন			
	প্যাটার্নটির প্রথম ৫০টি চিত্র তৈরি করতে মোট কাঠির সংখ্যা নির্ণয় করতে পেরেছে	প্যাটার্নটির কাঠির সংখ্যাগুলোকে বীজগণিতীয় রাশির আকারে প্রকাশ করে ধারায় রূপান্তর করতে পেরেছে	প্যাটার্নটির কাঠির সংখ্যা গুলোকে বীজগণিতীয় রাশির আকারে প্রকাশ করতে পেরেছে	প্যাটার্নটির কাঠির সংখ্যা গুলোকে বীজগণিতীয় রাশির আকারে প্রকাশ করা ও মোট কাঠির সংখ্যা কোনোটিই নির্ণয় করতে পারে নাই
১				
২				
৩				
৪				

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক সমস্যা সমাধান সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
    - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
    - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
    - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক মূল্যবোধের নমুনা চেকলিস্ট

শিক্ষার্থীর রোল নং	নির্ভুলতা	পদ্ধতিগত যৌক্তিক চিন্তন	গাণিতিক যুক্তির মাধ্যমে একমত পোষণ	সহযোগিতাপূর্ণ মনোভাব
১				
২				
৩				
৪				

৬.২ পরিমাপ

শিখনফল: শিক্ষার্থীরা দেশীয়, ব্রিটিশ ও আর্ন্তজাতিক পরিমাপ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে এবং সংশ্লিষ্ট পদ্ধতির সাহায্যে দৈর্ঘ্য, ক্ষেত্রফল, ওজন ও তরল পদার্থের আয়তন নির্ণয় সম্বলিত সমস্যা সমাধান করতে পারবে।

বিভাজিত শিখনফল: শিক্ষার্থীরা আর্ন্তজাতিক পরিমাপ পদ্ধতির সাহায্যে ক্ষেত্রফল নির্ণয় সম্বলিত সমস্যা সমাধান করতে পারবে।

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়ন ক্ষেত্র	মূল্যায়নে বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
পরিমাপ	গাণিতিক ধারণা	• পরিমাপের ধারণা	মৌখিক	পর্যবেক্ষণ চেকলিস্ট	শিক্ষক শ্রেণিকক্ষে শিখন-শেখানো কৌশল হিসেবে মূল্যায়ন উপকরণ/টুলস (যেমন: প্রশ্ন/প্রশ্নপত্র, পর্যবেক্ষণ চেকলিস্ট) প্রস্তুত করবেন এবং পাঠ চলাকালীন তা ব্যবহার করবেন। • শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে মৌখিকভাবে প্রশ্নের উত্তর বলতে বলবেন। যেমন: প্রশ্ন-১. মেট্রিক পদ্ধতিতে ওজন পরিমাপের একক কী?
		• একক এর রূপান্তর	মৌখিক	পর্যবেক্ষণ চেকলিস্ট	• শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে মৌখিকভাবে প্রশ্নের উত্তর বলতে বলবেন। যেমন: প্রশ্ন-১: একটি বাক্সের উপরিতলের প্রস্থ ১ মিটার ৫০ সেন্টিমিটার হলে এর প্রস্থ কত সেন্টিমিটার?
		• ক্ষেত্রফলের ধারণা	লিখিত	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন	• শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। যেমন: প্রশ্ন-১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার ৫০ সেন্টিমিটার হলে বাগানটির ক্ষেত্রফল বর্গমিটারে নির্ণয় করো।

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়ন ক্ষেত্র	মূল্যায়নে বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
	গাণিতিক প্রক্রিয়া	• গাণিতিক সমস্যা সমাধানের ধাপ সম্পর্কে জানা	লিখিত	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন	• শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। প্রশ্ন -১: একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ২৬৪ বর্গমিটার। এর ভূমি ২২ মিটার হলে, উচ্চতা নির্ণয় করো।
	গাণিতিক সমস্যা সমাধান	• গাণিতিক সমস্যা সমাধান করতে পারা	লিখিত	প্রশ্ন / প্রশ্নপত্র	• শিক্ষক লিখিত বা মৌখিকভাবে শিক্ষার্থীর সামনে প্রশ্ন উপস্থাপন করবেন এবং শিক্ষার্থীকে লিখিতভাবে প্রশ্নের উত্তর লিখতে বলবেন। প্রশ্ন - ১: তোমার গণিত পাঠ্যবইটি সেন্টিমিটার এককে মেপে এর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।
	গাণিতিক মূল্যবোধ	▪ নির্ভুলতা ▪ পদ্ধতিগত যৌক্তিক চিন্তন ▪ গাণিতিক যুক্তির মাধ্যমে একমত পোষণ ▪ সহযোগিতাপূর্ণ মনোভাব		চেকলিস্ট	প্রতিটি ক্ষেত্রে টিক ($\surd$) চিহ্ন দিয়ে চেকলিস্ট তৈরি করে মূল্যায়ন করবেন।

মূল্যায়ন ছক

গাণিতিক ধারণা:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	পরিমাপের ধারণা		একক এর রূপান্তর		ক্ষেত্রফলের ধারণা		
	পর্যবেক্ষণ চেকলিস্ট		পর্যবেক্ষণ চেকলিস্ট		সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন		
	মেট্রিক পদ্ধতিতে ওজন পরিমাপের একক এর ধারণা আছে	মেট্রিক পদ্ধতিতে ওজন পরিমাপের একক এর ধারণা নাই	প্রস্থকে সঠিকভাবে সেন্টিমিটারে রূপান্তর করতে পেরেছে।	প্রস্থকে সেন্টিমিটারে রূপান্তর করতে পারে নাই।	বাগানটির ক্ষেত্রফল সঠিকভাবে বর্গমিটারে নির্ণয় করতে পেরেছে	বাগানটির ক্ষেত্রফল বর্গ সেন্টিমিটারে নির্ণয় করতে পেরেছে কিন্তু বর্গমিটারে নির্ণয় করতে পারে নাই	বাগানটির ক্ষেত্রফল নির্ণয় করতে পারে নাই
১							
২							
৩							
৪							

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক ধারণা সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
    - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
    - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
    - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক প্রক্রিয়া:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	গাণিতিক সমস্যা সমাধানের ধাপ		
	সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন		
	ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র ব্যবহার করে জমির উচ্চতা নির্ণয় করতে পেরেছে	সূত্রে মান বসাতে পেরেছে কিন্তু জমির উচ্চতা সঠিকভাবে নির্ণয় করতে পারে নাই	সূত্রে সঠিকভাবে মান বসাতে পারে নাই বলে জমির উচ্চতা ও নির্ণয় করতে পারে নাই
১			
২			
৩			
৪			

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক প্রক্রিয়া সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
    - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
    - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
    - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক সমস্যা সমাধান:

ফলাবর্তন প্রদান

শিক্ষার্থীর রোল নং	গাণিতিক সমস্যা সমাধান করতে পারা			
	প্রশ্ন			
	উপকরণ ব্যবহার করে সঠিকভাবে পরিমাপ করতে পেরেছে	প্রয়োজনে একই এককে রূপান্তর করতে পেরেছে	সঠিকভাবে বিভিন্ন তলের ক্ষেত্রফল হিসাব করে বের করতে পেরেছে	সমগ্র তলের ক্ষেত্রফল নির্ণয় করতে পেরেছে
১				
২				
৩				
৪				

উপরের মূল্যায়ন ছকটি ব্যবহার করে গাণিতিক সমস্যা সমাধান সংক্রান্ত দক্ষতার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের শিখন অবস্থা চিহ্নিত করবো এবং যে যে ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত হয়েছে তা থেকে উত্তরণের জন্য প্রয়োজন অনুসারে যথাযথ পরামর্শ দিবো।

নিরাময়মূলক সহায়তা প্রদান

- উল্লিখিত বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের শিখন অর্জন পুনঃযাচাই করার জন্য উদাহরণে প্রদত্ত প্রশ্নের অনুরূপ প্রশ্ন ব্যবহার করে মূল্যায়ন করব;
- বিষয়বস্তু অনুযায়ী প্রণীত মূল্যায়ন ছকের (প্রদত্ত মূল্যায়ন ছকের অনুরূপ কাঠামো) মাধ্যমে শিক্ষার্থীদের শিখনের অবস্থা সংক্রান্ত তথ্য সংগ্রহ করব;
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে পারগ-অপারগ শিক্ষার্থী চিহ্নিত করব;
- সংগৃহীত তথ্যের ভিত্তিতে বিভিন্ন কৌশল অবলম্বন করে নিরাময়মূলক সহায়তা প্রদান করব। যেমন-
    - অল্পসংখ্যক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, ওয়ান টু ওয়ান সহায়তা প্রদান করব।
    - প্রায় অর্ধেক শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, শ্রেণিকক্ষের বাইরে সুবিধাজনক সময়ে সবল ও দুর্বল শিক্ষার্থীদের সমন্বয়ে জোড়া গঠন করে সবল শিক্ষার্থী দ্বারা সহায়তা প্রদান করব।
    - অধিকাংশ শিক্ষার্থী অপারগ হিসেবে চিহ্নিত হলে, পুনরায় ক্লাসের মাধ্যমে নিরাময়মূলক সহায়তা প্রদান করব।

গাণিতিক মূল্যবোধের নমুনা চেকলিস্ট

শিক্ষার্থীর রোল নং	নির্ভুলতা	পদ্ধতিগত যৌক্তিক চিন্তন	গাণিতিক যুক্তির মাধ্যমে একমত পোষণ	সহযোগিতাপূর্ণ মনোভাব
১				
২				
৩				
৪				

৬.৩ বীজগণিত

শিখনফল: শিক্ষার্থীরা মধ্যপদ বিশ্লেষণের সাহায্যে বীজগণিতীয় রাশিমালার উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে।

গাণিতিক ক্ষেত্র	মূল্যায়ন ক্ষেত্র	মূল্যায়নে বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
